



## মাননীয় এম পি Peter Dutton

ইমিগ্রেশন অ্যান্ড বর্ডার প্রোটেকশন মন্ত্রী

মিডিয়া রিলিজ

২৩ শে এপ্রিল, ২০১৭

### শক্তিশালী ও নিরাপদ সীমান্তের ১০০০ দিন

সর্বশেষ মানুষ পাচারকারী নৌকা অস্ট্রেলিয়াতে এসে পৌঁছানোর ১০০০ দিন পার হয়েছে এবং সমূদ্রে মানুষ পাচারকারীদের হাতে সর্বশেষ জানা মৃত্যু হয়েছে তিন বছর সময়েরও আগে।

ইমিগ্রেশন অ্যান্ড বর্ডার প্রোটেকশন মন্ত্রী জনাব Peter Dutton বলেছেন যে এব্যাপারটি তেমনি থাকবে সে ব্যাপারে অস্ট্রেলিয়ার সরকার প্রতিজ্ঞাবদ্ধ।

“এই সফলতা থেকে এটাই বোঝা যাচ্ছে যে জোটের কঠিন সীমান্ত রক্ষা নীতিগুলো কাজ করেছে এবং করছে,” জনাব Dutton বলেছেন।

“অপারেশন সোভেরিন বর্ডার্স-এর আগে, অস্ট্রেলিয়া দেখেছে জলযোগে ৫০,০০০-এরও বেশী অবৈধ অনুপ্রবেশকারী ৮০০-এরও বেশী মানুষপাচারকারী নৌকাতে এসেছে, ৮০০০-এর বেশী শিশুকে আটক করা হয়েছে এবং দুঃখজনকভাবে ১২০০ জনের বেশী মানুষ সমূদ্রে মারা গেছে।

“অপারেশন সোভেরিন বর্ডার্স জলপথে মানুষ পাচার থামাতে পেরেছে এবং অগনিত জীবন বাঁচাতে সক্ষম হয়েছে। এই সফলতায় সরকার আটকে থাকা শিশুদের সরাতে এবং ১৭টি ডিটেনশন কেন্দ্র বন্ধ করতে সক্ষম হয়েছে।

“যদিও আমাদের সফলতা সত্ত্বেও আমরা জানি যে মানুষ পাচারের হুমকি এখনও রয়ে গেছে,” জনাব Dutton বলেছেন।

“বিগত ১০০০ দিনে অপারেশন সোভেরিন বর্ডার্স ৩০টি মানুষ পাচারকারী নৌকা এবং ৭৬৫ জনেরও বেশী লোক যাঁরা অবৈধভাবে অস্ট্রেলিয়াতে আসার চেষ্টা করেছিল তাঁদের বাধা দিয়েছে ও ফেরত পাঠিয়েছে।

“মানুষ পাচারকারীরা আমাদের প্রতিরক্ষার মাঝে পথ খোঁজার অগনিত চেষ্টা চালিয়েছে, কিন্তু প্রতিটি ঘটনাতেই আমাদের সীমান্ত রক্ষার সক্ষমতা তাদের থামাতে সফল হয়েছে।

“মানুষ পাচারকারীদের সনাক্ত করা , বাধা দেয়া এবং ফেরত পাঠানোর অস্ট্রেলিয়ার ক্ষমতা এযাব কাল পর্যন্ত এখন সবচাইতে শক্তিশালী।

“এই মাইলস্টোনের কৃতিত্ব অস্ট্রেলিয়ার ১৬ টি এজেন্সির যাঁরা অপারেশন সোভেরিন বর্ডার্স-এ অবদান রেখেছেন ও সেসব কর্মীদের যাঁরা প্রতিদিন অস্ট্রেলিয়ার সীমান্ত নিরাপদ রাখতে কাজ করে যাচ্ছেন।

“আমি আরো কৃতজ্ঞতা জানাতে চাই সেসব আন্তর্জাতিক অংশীদারদের অবদানের প্রতি যা অপরাধী মানুষ পাচারকারীদের নেটওয়ার্ককে বাধা দিয়েছে ও ভেঙ্গে ফেলেছে।

“অস্ট্রেলিয়া ও আমাদের আঞ্চলিক অংশীদাররা এই অঞ্চলব্যাপী মানুষ পাচারকারীদের দমন করতে দৃঢ়প্রতিজ্ঞ হয়েই থাকবে।

“আমাদের এটা নিশ্চিত করতে হবে যে আর কোনো মানুষ যেন অনিরাপদ নৌকায় তাঁদের জীবনের ঝুঁকি নেয়ার ফাঁদে না পড়েন এবং তাঁদের পরিবারের অর্থনৈতিক ভবিষ্য মানুষ পাচারকারীদের প্রতারণায় নষ্ট না করেন।

যেকোনো অবৈধভাবে নৌকাতে করে অস্ট্রেলিয়াতে আসার চেষ্টা করলে কখনোই অস্ট্রেলিয়াতে স্থায়ী হতে পারবে না। এর কোনো ব্যতিক্রম হবে না।

আরো তথ্যঃ মাননীয় মন্ত্রী জনাব **Dutton**-এর কার্যালয় – ০২ ৬৭৭ ৭৮৬০